



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/26/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

বিরাজমান COVID-19 বৈশ্বিক মহামারীর মধ্যে, ডাউনস্টেটে অস্থায়ী হাসপাতালের জন্য স্টেট নতুন স্থান সন্ধান করছে বলে ঘোষণা করেছেন গভর্নর কুওমো

প্রতিটি NYC বরো এবং ডাউনস্টেট কাউন্টিতে 1,000-এর অধিক রোগীর চাপ সামলানোর ফ্যাসিলিটি গঠনের লক্ষ্য রাখা হয়েছে

গতকাল থেকে স্টেটের সার্জ হেলথকেয়ার ফোর্সের অংশ হিসেবে বাড়তি 12,000 স্বাস্থ্য কর্মী স্বেচ্ছাসেবক হিসেবে যুক্ত হয়েছেন - যা স্বেচ্ছাসেবীদের মোট সংখ্যাকে 52,000-এ উন্নীত করে

বিনা খরচে অনলাইন মানসিক স্বাস্থ্যসেবা সরবরাহ করতে এখন 8,600-এরও বেশি মানসিক স্বাস্থ্য পেশাদারগণ যোগদান করেছেন

নিউ ইয়র্ক স্টেটে আরও 6,448টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 37,258-তে উন্নীত করে; নতুন ঘটনাসমূহ 39টি কাউন্টিতে

ওয়েস্টচেস্টার, রকল্যান্ড, নাসাউ এবং সাফোক কাউন্টিসহ প্রতিটি নিউ ইয়র্ক সিটি বরোতে 1,000-এর বেশি রোগীর স্ফীতি সামলানোর ফ্যাসিলিটি থাকার লক্ষ্যসহ, অস্থায়ী হাসপাতালের জন্য স্টেট অতিরিক্ত নতুন স্থান সন্ধান করছে বলে আজ ঘোষণা করেছেন গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো। জ্যাকব কে. জেভিটস কনভেনশন সেন্টারে (Jacob K. Javits Convention Center) এবং স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) স্ট্যানি ব্রুক, SUNY ওল্ড ওয়েস্টবারি এবং ওয়েস্টচেস্টার কনভেনশন সেন্টারে (Westchester Convention Center) অবস্থিত অস্থায়ী হাসপাতালগুলোর সাথে একত্রে এই নতুন সংকলন বিদ্যমান হাসপাতালের ধারণ ক্ষমতা বাড়াতে সাহায্য করতে হাজার হাজার নতুন শয্যা তৈরির লক্ষ্য করা হয়েছে, যা এপ্রিলের শুরু থেকে মারামারি সময়ে রোগীদের জন্য উন্মুক্ত রাখার লক্ষ্য রয়েছে। স্টেট জরুরি শয্যার জন্য কলেজের ছাত্রাবাস ও হোটেলগুলোকেও প্রস্তুত করছে।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আরও ঘোষণা করেছেন যে চলমান করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) বৈশ্বিক মহামারীর মধ্যে স্টেটের সার্জ হেলথকেয়ার ফোর্সে স্বেচ্ছাসেবক হিসেবে অংশগ্রহণ করতে অবসরপ্রাপ্ত ও শিক্ষার্থীসহ, অতিরিক্ত 12,000 জন স্বাস্থ্যসেবা কর্মী সংযুক্ত হয়েছেন, যা স্বেচ্ছাকর্মীদের মোট সংখ্যাকে 52,000-এরও বেশিতে উন্নীত করে। তাছাড়া, অন্য স্টেটের

ব্যক্তিবর্গসহ, বিনামূল্যে অনলাইন মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করতে ৪,৬০০-এরও অধিক মানসিক স্বাস্থ্য পেশাদারগণ যোগদান করেছেন। নিউ ইয়র্কবাসীরা খরচ ছাড়াই সাক্ষাতের সময়সূচি নির্ধারণের জন্য কল করতে পারবেন স্টেটের বাতায়ন ১-৪৪৪-৪৬৩-৯৩১৪-এ।

"আমরা জানি এই মুহুর্তে যে কোনও পরিস্থিতি আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার সক্ষমতাকে ছাপিয়ে যাবে এবং আমরা আমাদের স্টেটের হাসপাতালের সক্ষমতা বাড়াতে এবং আক্রান্তের সংখ্যা কমিয়ে আনতে পূর্বপাশ্চিকভাবে কাজ চালিয়ে যাচ্ছি," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের শীর্ষস্থানীয় অগ্রাধিকার হল রোগীদের জন্য আরও শয্যার ব্যবস্থা করা ও আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ রোগীদের সঠিকভাবে চিকিৎসা করা হচ্ছে তা নিশ্চিতকরণের জন্য আমাদের প্রয়োজনীয় ভেন্টিলেটর (ventilators) জোগাড় করা এবং অস্থায়ী হাসপাতালের স্থানসমূহের জন্য আমরা সক্রিয়ভাবে নতুন এলাকা সন্ধান করছি। এই পরিস্থিতিটি সহজ নয়, তবে সাবলীল সময়ে চরিত্র গঠন হয় না -- তা হয় কঠিন সময়ে - ও আমরা একসাথে এই অবস্থাটি উতরে যাবো এবং এর ফলে আরও উত্তম এবং শক্তিশালী মানুষ হয়ে উঠবো।"

পরিশেষে, গভর্নর আরও ৬,৪৪৪টি নভেল করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটে স্টেট রাজ্যজুড়ে মোট আক্রান্তের সংখ্যাকে ৩৭,২৫৪-তে উন্নীত করে। মোট ৩৭,২৫৪ জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

| কাউন্টি | মোট ইতিবাচক | নতুন ইতিবাচক |
|------------|-------------|--------------|
| Albany | 171 | 19 |
| Allegany | 2 | 0 |
| Broome | 16 | 5 |
| Cayuga | 2 | 0 |
| Chautauqua | 1 | 0 |
| Chemung | 7 | 6 |
| Chenango | 3 | 0 |
| Clinton | 11 | 1 |
| Columbia | 13 | 1 |
| Cortland | 2 | 0 |
| Delaware | 7 | 2 |
| Dutchess | 190 | 37 |
| Erie | 134 | 12 |
| Essex | 4 | 0 |
| Franklin | 1 | 0 |
| Fulton | 1 | 0 |
| Genesee | 4 | 2 |
| Greene | 5 | 1 |

| | | |
|-----------------|-------|------|
| Hamilton | 2 | 0 |
| Herkimer | 7 | 2 |
| Jefferson | 3 | 1 |
| Livingston | 3 | 0 |
| Madison | 9 | 2 |
| Monroe | 139 | 21 |
| Montgomery | 5 | 1 |
| Nassau | 3914 | 629 |
| Niagara | 14 | 2 |
| NYC | 21393 | 3537 |
| Oneida | 13 | 4 |
| Onondaga | 83 | 18 |
| Ontario | 11 | 2 |
| Orange | 751 | 113 |
| Orleans | 2 | 0 |
| Oswego | 4 | 2 |
| Otsego | 3 | 1 |
| Putnam | 94 | 11 |
| Rensselaer | 32 | 1 |
| Rockland | 1197 | 229 |
| Saratoga | 73 | 9 |
| Schenectady | 62 | 7 |
| Schoharie | 2 | 0 |
| St. Lawrence | 2 | 1 |
| Steuben | 11 | 3 |
| Suffolk | 2735 | 475 |
| Sullivan | 53 | 14 |
| Tioga | 2 | 1 |
| Tompkins | 22 | 6 |
| Ulster | 78 | 13 |
| Warren | 2 | 0 |
| Washington | 4 | 0 |
| Wayne | 8 | 1 |
| Westchester | 5944 | 1253 |
| Wyoming | 7 | 3 |

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এলেক্সিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)